ভোরের কাগজ

FEB. 16 2002

তারিখ ...... পৃষ্ঠা ১২ কলাম ৩

# কলেজছাত্র সজীবের খোঁজ নেই ৫ মাস ধরে

## মামলার আসামিরা উল্টো হুমকি দিচ্ছে

কাগজ প্রতিবেদক : দীর্ঘ ৫ মাস ধরে নিখোঁজ ঢাকা স্টেট কলেজের ছাত্র রিয়াজুল ইসলাম সজীবকে পুলিশ উদ্ধার করতে পারেনি। এ ঘটনায় সন্দেহভাজনদের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করা হয়। এখন উল্টো সজীবের পরিবারকে প্রাণনাশের হুমকি দিচ্ছে আসামিরা। সন্ত্রাসীরা এলাকায় প্রকাশ্যে ঘুরে বেড়ালেও পুলিশ তাদের গ্রেপ্তার করছে না বলে অভিযোগ করা হয়েছে সজীবের পরিবারের পক্ষ থেকে। গতকাল শুক্রবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সজীবের বাবা সাধারণ বীমার কর্মকর্তা এম এ মান্নান ভুঁইয়া ও তার মা নুরুন নাহার সাংবাদিকদের কাছে এই অভিযোগ করেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সজীবের মা নুরুন নাহার।



*রিয়াজুল ইসলাম সজীব*

গত বছর ৮ সেপ্টেম্বর খিলগাঁও এলাকার বাসিন্দা ও পূর্ব পরিচিত রানা, জাকির, মনির বেড়াতে যাওয়ার কথা বলে সজীবকে বাসা থেকে ডেকে নিয়ে যায়। ৩ দিন পর জাকির, মনির, রানা এলাকায় ফিরলেও সজীব আর ফেরেনি। সজীবের বাবা তাদের কাছে তার সন্তানের কথা জিজ্ঞেস করলে তারা বলে সজীব কোথায় গেছে তা তারা জানে না। এক পর্যায় তারা ক্ষিপ্ত হয়ে সজীবের বাবা ও বড়ো ভাই তৌহিদুল ইসলাম সুমনকে অকথ্য ভাষায় গালাগালি ও ভয়ভীতি দেখাতে থাকে।

এ ব্যাপারে সুমন বাদী হয়ে খিলগাঁও থানায় একটি সাধারণ ডায়েরি করে। পরে এ ঘটনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে জানানো হলে তারা সন্ত্রাসীদের বিরুদ্ধে মামলা দায়ের করতে বলেন। গত ১৯ সেপ্টেম্বর সজীবের মা নুরুন নাহার বাদী হয়ে সন্ত্রাসীদের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন। মামলা দায়ের করার পরও খিলগাঁও থানা পুলিশ রহস্যজনক কারণে সন্ত্রাসীদের গ্রেপ্তারের ব্যাপারে কোনো ব্যবস্থা গ্রহণ না করে বরং তাদের সঙ্গে সখ্য বজায় রেখেছে বলে সজীবের পরিবার অভিযোগ করা হয়।